



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৬১০০.০৩৫.৪৬.০২০.২০-৫০০

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

বিষয়ঃ মাননীয় আপিল বিভাগ, বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-
ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ১৬ এপ্রিল ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত **ময়মনসিংহ** জেলার **গৌরীপুর** উপজেলার **গৌরীপুর** পৌরসভার **০৯নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর** পদে মাননীয় আপিল বিভাগ, বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইলঃ+৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com

বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

নং-১৭.০০.৬১০০.০৩৫.৪৬.০২০.২০-৫০০

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। জেলা প্রশাসক, **ময়মনসিংহ** (০৫ কপি)
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, **ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ** (০২ কপি) (ইন্ট্রানেট হতে গেজেটের কপি পত্র প্রাপককে সরবরাহ করার অনুরোধসহ)
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, **ময়মনসিংহ ও রিটার্নিং অফিসার** (০৫ কপি)
- ৬। সিনিয়র সহকারী সচিব, (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, **গৌরীপুর, ময়মনসিংহ** (০৫ কপি)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, **গৌরীপুর, ময়মনসিংহ** (০৫ কপি)
- ৯। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৬, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ২১ চৈত্র ১৪৩০/০৪ এপ্রিল ২০২৪

নং ১৭.০০.৬১০০.০৩৫.৪৬.০২০.২০-৪৯৩।—মাননীয় আপিল বিভাগ কর্তৃক সিপিএলএ নং-৪৬২/২০২৪ এর ০৩ মার্চ ২০২৪ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৮৬৭/২০২৪ এর ২৫ জানুয়ারি ২০২৪ তারিখের আদেশকে ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করায় বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালে মামলা নং ০১/২০২১ এর ২৯ অক্টোবর ২০২৩ তারিখের আদেশে ৩০ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার গৌরীপুর পৌরসভার ০৯ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদের নির্বাচনের ফলাফল বাতিল ঘোষণা করে পুনঃগণনা প্রাপ্ত ফলাফল অনুযায়ী উক্ত পদে 'ডালিম' প্রতীকের প্রার্থী জনাব এস, এম আলী আহাম্মদকে বিজয়ী ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২২৩৫ নং পৃষ্ঠার ০১নং কলামের ১৩ নং ক্রমিকের বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোহাম্মদ আরিফুল ইসলাম ভূইয়া, পিতা-আব্দুস সোবহান ভূইয়া, গ্রাম-কৃষ্ণপুর, পোঃ+উপজেলা-গৌরীপুর, জেলা-ময়মনসিংহ' এর পরিবর্তে 'এস, এম, আলী আহাম্মদ, পিতা-মৃত আব্দুল মজিদ, ৭৮২, সরকারপাড়া, গৌরীপুর পৌরসভা, ময়মনসিংহ' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৫৯৩)

মূল্য : টাকা ৪.০০